

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০০১.০২.৩৪০

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮

১১ এপ্রিল ২০২২

বিষয়: ৩২১১১০৯-সাকুল্য বেতন (শ্রমিক মজুরী) খাতে অর্থ বরাদ্দের চাহিদা প্রেরণ।

সূত্র: প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর এর ১৮/০২/২০১৮খি: তারিখের ১৩৫/৫৭০(৫৭৬) নং স্মারকস্ব আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ব্যয়ের কোড নং-৩২১১১০৯- সাকুল্য বেতন (শ্রমিক মজুরী) খাতে অর্থ বছরের শুরুতেই জেলা, উপজেলা, সিএসডি ও এলএসডি কার্যালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য স্থাপনাসমূহের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হয়। বছরের শুরুতে পুরো অর্থ বছরের জন্য বরাদ্দ প্রদান করা হলেও অর্থ বছরের শেষ প্রান্তিকে এসে কিছু কিছু কার্যালয় হতে বিস্তারিত/যথাযথ যৌক্তিকতা ছাড়াই অতিরিক্ত অর্থের চাহিদা প্রদান করা হচ্ছে। ফলে চাহিদার সঠিকতা নির্ধারণ করত: অর্থ বরাদ্দ প্রদানের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে এবং সরকারি ব্যয় বৃদ্ধি পাচ্ছে ; যা মোটেই কাম্য নয়।

সাধারণত, সাকুল্য বেতন (শ্রমিক মজুরি) খাতে ব্যয় নির্বাহের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের মধ্যেই ব্যয় সীমাবদ্ধ রাখা উচিত যা সূত্রস্ব স্মারকের ৩নং শর্তাবলীতে উল্লেখ রয়েছে। তদুপরি, যদি কোন স্থাপনা/কার্যালয় হতে উল্লেখিত খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন হয়, তবে সেক্ষেত্রে নিয়োজিত খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মীর সংখ্যা ও মাসভিত্তিক ব্যয় বিবরণীসহ যৌক্তিকতা উল্লেখ পূর্বক চাহিদাপত্র প্রেরণের জন্য নিজ দপ্তরসহ নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরসমূহকে নির্দেশনা প্রদানের জন্য বলা হলো।

এতে মহাপরিচালক এর অনুমোদন রয়েছে।

সংযুক্তঃ সূত্রস্ব স্মারক।



১১-৪-২০২২

মোঃ মাহমুদ হাসান

পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫৬৩০৬

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৬৪৪৪৪

ইমেইল: daf@dgfood.gov.bd

বিতরণ :

১) প্রধান মিলার, পোস্তুগোলা সরকারি আধুনিক ময়দা  
মিল, ঢাকা।

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।


৪) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ  
সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার সাইলো,  
বগুড়া/স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০০১.০২.৩৪০/১(৬৯)

তারিখ: ২৮ চৈত্র ১৪২৮  
১১ এপ্রিল ২০২২

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

- ১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৫) অফিস কপি।



১১-৪-২০২২

মোঃ সাহিদার রহমান

উপ-পরিচালক